



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref:

সাকুলার নং: বিজিএ/হেলথ/২০২০/ ৭ ৪

তারিখ: ০৮ জুন ২০২০

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যের জন্য

বরাত :- বিজিএ/এডমিন/২০২০/৮৬ তারিখ: ২৮ মে ২০২০ইং

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম,

গাজীপুর সিভিল সার্জন এর কার্যালয় হতে জানানো হয়েছে যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে নমুনা সংগ্রহের জন্য উক্ত জেলার প্রতিটি উপজেলায় একটি করে এবং সদর উপজেলা ও সিটি কর্পোরেশন এলাকার জন্য চান্দনা স্কুল এবং টঙ্গী শহীদ আহসান উল্লাহ মাস্টার ২৫০ শয্যা হাসপাতালে নমুনা সংগ্রহ বুথ স্থাপন করা হয়েছে। ঐ সব বুথে নমুনা সংগ্রহ করে তা সিভিল সার্জন অফিসের মাধ্যমে পরীক্ষার জন্য ঢাকাতে প্রেরণ করা হয়। তাছাড়াও শেখ ফজিলাতুল্লাহ মুজিব হাসপাতাল, সি/১২, নবীনগর, চন্দ্রা রোড, তেতুলবাড়ি, কাশিমপুরে (ফি এর মাধ্যমে) নমুনা সংগ্রহ করে পিসিআর ল্যাবে পরীক্ষা করে তার ফলাফল প্রদান করা হয়। সুতরাং এখন হতে আপনাদের কারখানার কোন কর্মীর কোভিড-১৯ এর লক্ষণ দেখা দিলে ফ্যাক্টরীর ব্যবস্থাপনায় নিকটস্থ বুথে নমুনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। (গাজীপুর সিভিল সার্জন কার্যালয়ের পত্রের কপি সংযুক্ত)

কোভিড-১৯ বিস্তার রোধকল্পে সকলের ঐকান্তিক প্রচেষ্টা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে

মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়,
গাজীপুর।

Mail no: gazipur@cs.dghs.gov.bd
Control no (01711026289)

স্মারক নং-সি,এস,গাজী/ডি,এস,আই/২০২০/ ২৬২

তারিখঃ- ৭/৬/২০২০

বরাবর,

ব্যবস্থাপক, Standard Stitches LTD (woven unit)
.....
.....
.....

বিষয়ঃ- আপনার কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মকর্তা কোভিড-১৯'এ লক্ষন বহন করায় নমুনা গ্রহন প্রসঙ্গে।

আপনার প্রেরিত পত্রের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কোভিড -১৯ এর পাদুভাব বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে নমুনা সংগ্রহের জন্য প্রতিটি উপজেলায় একটি করে এবং সদর উপজেলা ও সিটি কর্পোরেশন এলাকার জন্য চান্দনা স্কুল এবং টঙ্গী শহীদ আহসান উল্লাহ মাষ্টার ২৫০ শয্যা হাসপাতালে নমুনা সংগ্রহ বুথ স্থাপন করা হয়েছে। এই সব বুথে নমুনা সংগ্রহ করে তা সিভিল সার্জন অফিসের মাধ্যমে পরীক্ষার জন্য ঢাকাতে প্রেরণ করা হয়। তাছাড়াও শেখ ফজিলাতুন্নেছা মুজিব (কেপিজে) হাসপাতালে(ফি এর মাধ্যমে) নমুনা সংগ্রহ করে পিসিআর ল্যাবে পরীক্ষা করে তার ফলাফল প্রদান করা হয়। বুথ স্থাপন হওয়ার প্রেক্ষিতে এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, এর প্রজ্ঞাপনের আলোকে গঠিত জেলা কমিটির আলোচনার প্রেক্ষিতে কোন গার্মেন্টেস ফ্যাক্টরিতে নমুনা সংগ্রহের জন্য সিভিল সার্জন অফিস হতে কোন টিম পাঠানো হচ্ছে না, কোভিড এর লক্ষন দেখা দিলে প্রতিটি গার্মেন্টেস ফ্যাক্টরির কর্তৃপক্ষকে তাদের নিজ ব্যবস্থাপনায় তাদের নিকটস্থ বুথ হতে নমুনা সংগ্রহের জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(ডাঃ মোঃ খায়রুলজামান)
সিভিল সার্জন, গাজীপুর।

স্মারক নং-সি,এস,গাজী/ডি,এস,আই/২০২০/ ২৬২(মো)

তারিখঃ- ৭/৬/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। সচিব স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (স্বাস্থ্য) ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপোলিটন পুলিশ, গাজীপুর।
- ৬। পুলিশ সুপার, গাজীপুর।
- ৭। সভাপতি, বিজিএমইএ, উত্তরা, ঢাকা।
- ৮। উপমহাপরিদর্শক, কলকারখানা পরিদর্শন পরিদপ্তর, টঙ্গী, গাজীপুর।
- ৯। অফিস নথি।

সিভিল সার্জন,
গাজীপুর।